



**2021/TDC/CBCS/ODD/
BNGDSC/GE-101T/360**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022**

BENGALI

(1st Semester)

Course No. : BNGDSC/GE-101T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 20 = 20$

১। প্রাচীন যুগের বাংলা সাহিত্যের প্রামাণিক নিদর্শন কোনটি ?

২। 'চর্যাপদ'-এ মোট কতজন পদকর্তার পদ পাওয়া যায় ?

৩। 'চর্যাপদ'-এর আদি পদকর্তার নাম কী ?



(2)

- ৪। মুনি দত্ত কোন্ ভাষায় চর্যাগানের টীকা লিখেছিলেন ?
- ৫। নেপালে প্রাপ্ত 'চর্যাপদ'-এর পুঁথিটিতে সর্বমোট কয়টি পদ ছিল ?
- ৬। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কোন্ যুগের নিদর্শন ?
- ৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কয়টি খণ্ড আছে ?
- ৮। অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে ?
- ৯। কবি জ্ঞানদাস কোন্ কবির ভাবশিষ্য ?
- ১০। বিদ্যাপতি কোন্ ভাষায় তাঁর বৈষ্ণব পদগুলি রচনা করেছিলেন ?
- ১১। রাঢ় অঞ্চলের 'মনসামঙ্গল' কাব্যধারার একজন কবির নাম লেখো।
- ১২। 'মনসামঙ্গল' কাব্যের আদিকবির নাম কী ?
- ১৩। 'চণ্ডীমঙ্গল' কাব্যটি আর কী নামে পরিচিত ?
- ১৪। 'ধর্মমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবির নাম কী ?

22J/641

(Continued)

(3)

- ১৫। কবি ভারতচন্দ্র কার আদেশে 'অন্নদামঙ্গল' কাব্যটি রচনা করেন ?
- ১৬। কবি মধুসূদন কাকে বলেছিলেন 'এ বঙ্গের অলঙ্কার' ?
- ১৭। কৃত্তিবাস রচিত 'রামায়ণ' কী নামে পরিচিত ?
- ১৮। বিপ্রদাস পিপলাই রচিত 'মনসামঙ্গল' কাব্যের নাম কী ?
- ১৯। 'মহাভারত'-এর প্রথম বাংলা অনুবাদক কে ?
- ২০। কবি কাশীরাম দাস কোন্ শতকের কবি ?
- ২১। 'সাধকরঞ্জন' গ্রন্থটি কার রচনা ?
- ২২। 'শাক্তপদাবলী' কোন্ শতকের রচনা ?
- ২৩। 'পদ্মাবতী' কাব্যটি কার রচনা ?
- ২৪। দৌলত কাজীর প্রসিদ্ধ কাব্যগ্রন্থটির নাম লেখো।
- ২৫। আলাওল কার সভাকবি ছিলেন ?

22J/641

(Turn Over)



(4)

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- ২৬। 'চর্যাপদ'-এর ভাষাকে সন্যাতাভাষা বলা হয়েছে কেন ?
- ২৭। 'চর্যাপদ' কোথা থেকে, কত সালে প্রকাশিত হয়েছিল ?
- ২৮। চণ্ডীদাস-সমস্যা সম্পর্কে আলোচনা করো।
- ২৯। ব্রজবুলি ভাষা সম্পর্কে যা জানো লেখো।
- ৩০। 'মঙ্গলকাব্য'-এর প্রধান দেবদেবীদের নাম উল্লেখ করো।
- ৩১। 'চণ্ডীমঙ্গল' কাব্যে মোট কয়টি খণ্ড রয়েছে ?
- ৩২। কবি কৃষ্ণিবাসের মা-বাবার নাম লেখো।
- ৩৩। কাশীরাম দাসের কৌলিক উপাধি কী ছিল? তিনি 'মহাভারত'-এর কয়টি পর্ব অনুবাদ করেছিলেন বলে অভিমত ?
- ৩৪। আগমনী কাকে বলে ?
- ৩৫। রাজসভার সাহিত্য বলতে কী বোঝো ?

22J/641

(Continued)

(5)

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৩৬। 'চর্যাপদ'-এর কবির ধর্মীয় গূঢ়তত্ত্বকে বোঝাতে গিয়ে যে দেশ-কাল-সমাজ থেকে উপাদান সংগ্রহ করেছেন তা সংক্ষেপে আলোচনা করো।
- ৩৭। বাংলা সাহিত্যের যুগবিভাজন উল্লেখ করে 'চর্যাপদ'-এর সাহিত্যমূল্য আলোচনা করো।
- ৩৮। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৩৯। বিদ্যাপতির কবি-প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৪০। 'মনসামঙ্গল' কাব্যধারায় নারায়ণ দেবের কৃতিত্ব নিরূপণ করো।
- ৪১। কবি ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি বাংলা 'মঙ্গলকাব্য'-এর ধারায় কেন অভিনব, সংক্ষেপে আলোচনা করো।
- ৪২। 'রামায়ণ' অনুবাদে কৃষ্ণিবাসের জনপ্রিয়তার কারণগুলি নির্দেশ করো।
- ৪৩। 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কবি কাশীরাম দাস অনূদিত গ্রন্থটির বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

22J/641

(Turn Over)



(6)

৪৪। 'শাক্তপদাবলী'র 'আগমনী-বিজয়া' পর্যায়ের গানে যে মানবিক রসের প্রকাশ ঘটেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪৫। মধ্যযুগের বাংলা কাব্যে কবি দৌলত কাজীর কবি-কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।
